## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য /০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



Registered
No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

**পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ**

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৩শে মাঘ বুধবার ১৩৬৩ ইংরাজী 6th Feb. 1957 { ৩৭শ সংখ্যা






## চা! চা!! চা!!!

দার্জ্জিলিং, আসাম ও ডুয়ার্সের ভাল চা পেতে হ'লে চা-সংসদে আসুন। রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরের

**একমাত্র বিশ্বস্ত প্রতিষ্ঠান চা-সংসদ।**

চা-সংসদ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

গাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

## হ্যানিম্যান হল

**মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম**
**হোমিও প্রতিষ্ঠান**

এখানে দি মডার্ণ হোমিও রিসার্চ ইনষ্টিটিউট কোম্পানী কর্ত্তৃক আবিষ্কৃত যাবতীয় হোমিও ইন্‌জেকশান এবং পেটেণ্ট ঔষধ কোম্পানীর দরে বিক্রয় হয়। ব্যবহারে ফল সুনিশ্চিত। এই মাত্র বাহির হইল ডাঃ সতীশচন্দ্র সরকার মহাশয় কৃত হোমিও ও বাইওকেমিক মতে **"বসন্ত চিকিৎসা"** মূল্য মাত্র আট আনা। ডাক্তার শীলের হোমিও ইন্‌জেকশান ও পেটেণ্ট ঔষধ কোম্পানীর দরে বিক্রয় হয়।

হ্যানিম্যান হল
থাগড়া মুর্শিদাবাদ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৩শে মাঘ বুধবার সন ১৩৬৩ সাল।

## হরিষে বিষাদ

—•—

২৬শে জানুয়ারী ভারতে সাধারণতন্ত্র দিবসের উৎসবে সকলে আনন্দোৎসবে মত্ত, খবর পাওয়া গেল কাশ্মীর সমস্যা লইয়া পাকীস্থান নিরাপত্তা পরিষদে আমেরিকা, বৃটেন প্রমুখ পঞ্চ শক্তির সমর্থন পাইয়া পাথরে পাঁচ কিল মারিয়াছে। পাকীস্থানের পোয়া বার। ভারতের প্রতিনিধি শ্রীভি, কে, মেননের বক্তব্য না শুনিয়াই তাঁর বিরুদ্ধে দশ ভোট। বেচারা মেনন তারপর "নির্ব্বাণে দীপে কিমু তৈল দানং" এর মত আজ পর্য্যন্ত যত বক্তা পরিষদে বক্তৃতা করিয়াছেন, সব চেয়ে বেশিক্ষণ বকিয়া কোন ফলই পান নাই। আমাদের ভারতের যথেষ্ট অপমান হয়েছে এতে। এই তো কয় দিন আগে আমাদের প্রধান মন্ত্রী এই গরীব দেশের কত টাকা খরচ করিয়া বিলাত হইয়া আমেরিকায় গিয়া নানা স্থানে ভাষণ দিয়া এমন কি তাঁহার ভাষণ শুনিয়া রাষ্ট্রসংঘের ঘরে শ্রোতাদের উল্লাসের সীমা ছিল না। মার্কিন প্রেসিডেন্ট নিজের বাসগৃহে স্বজনপরিবেষ্টিত হইয়া পণ্ডিত জহরলালজীর কি অভ্যর্থনাই করিয়াছেন! শেষে ফল হইল এই! আমাদের প্রধান মন্ত্রী মহাশয় সত্য সত্যই মর্ম্মাহত হইয়াছেন।

রাজচরিত্র আর দেবচরিত্র নাকি সাধারণ লোকের বোধগম্য হওয়া কঠিন। পাকীস্থানে আমাদের ভারতের প্রধান মন্ত্রীর কুশপুত্তলি দাহ করিতেছে, কত দুর্ব্বাক্য উচ্চারণ করিয়া ভারতীয় হাই কমিশনের বাড়ীতে ইষ্টক নিক্ষেপ করিতেছে। আমেরিকায় পাকীস্থান ভারতের বিরুদ্ধে অভিযোগ চালাইতে বদ্ধপরিকর। আর ভারতে পাকীস্থানী বাণিজ্য মন্ত্রী সদলে আসিয়া দিল্লীতে প্রধান মন্ত্রী ও রাষ্ট্রপতির জন্য ২টী পাত্রে মধু লইয়া আসিয়া মধুর সম্পর্ক পাতাইয়া বাণিজ্য চুক্তিতে স্বাক্ষর করিয়া এবং স্বাক্ষর লইয়া স্বস্থানে গিয়া ঝাঁকে মিশিয়া ভারতের বিরুদ্ধে আস্ফালন সুরু করিতেও সরম অনুভব করিলেন না। পাড়াগাঁয়ে একটি প্রবাদ প্রচলিত আছে—

"বাগবাজারের মদনমোহন
কালিঘাটের কালী—
হেথায় গলাগলি আর
হোথায় গালাগালি।"

ভারতের প্রধান মন্ত্রী মহাশয় এখনও পুণা, মাদ্রাজ প্রভৃতি স্থানে ভাষণ দিয়া বলিতেছেন যে ভারত কখনও পাকীস্থান আক্রমণ করিবে না। পাকীস্থানের সহিত বন্ধুভাবে থাকাই ভারতের সংকল্প। তিনি বলুন আর নাই বলুন, পাকীস্থান, ভারতের প্রধান মন্ত্রীকে খুব জানে। ভারতের ভাগ্যবিধাতারা মার খাইতে জানে, মারিতে জানে না।

হানাদাররা কাশ্মীর আক্রমণ করিল, ভারতীয় সৈন্যগণ তাহাদের তাড়াইয়া সীমান্ত পর্য্যন্ত লইয়া গিয়াছে, আর একটু তাড়াইয়া গেলেই রণের শেষ হইয়া যায়। কাহার আদেশে বা উপদেশে তাদের সেইখানেই থাকিতে দিয়া নিরাপত্তা পরিষদে অভিযোগ যাঁহারা করেন, হানাদারের মুরুব্বি পাকীস্থানকে তাহার নিকট পাওনা ৩০০ কোটি টাকার কোন উচ্চ বাচ্য না করিয়া পাকীস্থানের প্রাপ্য ৫৫ কোটি টাকার সমস্ত যাহারা মিটাইয়া দেয়, খালের জলের খাজানা কোটি কোটি টাকা যাহারা আজও আদায় করিতে পারে না, লিয়াকত চুক্তির "লিয়া কত আর দিয়া কত" যাহারা হিসাব করে না, বা অক্ষরে অক্ষরে নিজেরা সকল সর্ত্ত পালন করে, অর্থাৎ দেনা দেয়, পাওনা আদায় করে না, তাহাদের সৌজন্যকে পাকীস্থান দৌর্ব্বল্য বলিয়াই মনে করিয়া নিজেদের মহত্ত্বের পরিচয় দিয়া থাকে। এ হেন ভারত যে পাকীস্থান আক্রমণ করিবে না তাহা তাহাদের বুঝাইতে হইবে না। এ মধুর ভাব যেন দাঁতে আর জিহ্বার সম্বন্ধ বলিলেই হয়।

———

## ত্রিদিব চৌধুরীর মুক্তিতে

॥ শ্রীসু-মো-দে ॥

গোয়া সত্যাগ্রহের বন্দী
বাঙালী ত্রিদিব বিপ্লবী বীর,
নেতাজীর দেশ বঙ্গভূমির
রেখেছ গরিমা উন্নত শির।

গোয়া-স্বাধীনতা যুদ্ধে মাতিলে
লাঞ্ছনা ক্লেশ হাসিতে সহিলে,

পর্ত্তগালের দুঃশাসনের
স্বৈরাচারের অবসান তরে,
ভারত হইতে যাইয়া গোয়ায়
সৈনিক হলে মুক্তি সমরে।

জানাইলে দাবি নির্ভীকতায়—
'ফিরে পেতে চায় ভারত গোয়ায়,

ন্যায়ত দাবিতে লুণ্ঠনবাজ—
জলদস্যুর ক্রুর সরকার,
কতকে বধিল বন্দী রাখিল
অবাধে চালাল দুর্ব্যবহার।

* * * *

মহাবিপ্লবী সত্যাগ্রহী
দামাল বাঙালী বীর বাংলার—
জানাই তোমারে অভিনন্দন
সানুরাগ প্রীতি নমস্কার।

———

## বন্যার্ত্ত ছাত্রছাত্রীদের পাঠ্যপুস্তক বিতরণ

গত ১লা ফেব্রুয়ারী কান্দী রাজ উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে এক সভায় ভারত-সেবা-সঙ্ঘের স্বামী অদ্বৈতানন্দজী নিজ হস্তে বন্যার্ত্ত ছাত্রছাত্রীগণকে পাঠ্যপুস্তক দিয়াছেন। সভায় বক্তাগণ সঙ্ঘের বহু জনহিতকর সৎকার্য্যের আলোচনা করিয়া ভাষণ দেন। কান্দী মহকুমার শিক্ষকগণ, ছাত্রছাত্রীবৃন্দ এবং বিদ্যানুরাগী জনগণ সভাক্ষেত্রে সমবেত হইয়াছিলেন।

———

## সরস্বতী পূজা

অন্যান্য বৎসরের ন্যায় এবারও রঘুনাথগঞ্জ-জঙ্গিপুর সহরের বিভিন্ন পল্লীতে ও প্রতিষ্ঠানে অনেকগুলি সরস্বতী প্রতিমার পূজা হইয়াছে।

## ভারতে চিনির উৎপাদন বৃদ্ধি

এক সরকারী বিজ্ঞপ্তিতে প্রকাশ, চল্‌তি মরশুমে গত ১৫ই জানুয়ারী ( ১৯৫৭ ) পর্য্যন্ত ভারতের কারখানাসমূহে ৬ লক্ষ ২০ হাজার টন চিনি উৎপন্ন হইয়াছে এবং কারখানাগুলি হইতে ৩ লক্ষ ৮২ হাজার টন চিনি চালান গিয়াছে। গত বৎসর এই সময়ে ৫ লক্ষ ২৮ হাজার টন চিনি উৎপন্ন হইয়াছিল এবং ৩ লক্ষ ৩ হাজার টন চিনি চালান গিয়াছিল। গত ১৫ই জানুয়ারী ( ১৯৫৭ ) পর্য্যন্ত কারখানাসমূহে ৭ লক্ষ ৬৫ হাজার টন চিনি মজুদ ছিল। গত বৎসর ঐ তারিখে মজুদ ছিল ৬ লক্ষ ৩৭ হাজার টন।

## মহাত্মা গান্ধীর মৃত্যু বার্ষিকী

মহাত্মা গান্ধীর মৃত্যু বার্ষিকী উপলক্ষে ৩০শে জানুয়ারী সকাল ৮টায় গান্ধীঘাটে সর্ব্বধর্ম্মাবলম্বীদের প্রার্থনা সভা ও সূত্রযজ্ঞের অনুষ্ঠান হইয়াছিল। পশ্চিমবঙ্গের রাজ্যপাল, মন্ত্রিগণ ও উপমন্ত্রিগণ এবং অন্যান্য ভদ্রমহিলা ও ভদ্রমহোদয়গণ ইহাতে যোগদান করিয়াছিলেন।

## বিশ্বের ত্রাণকর্ত্তা প্রভু যীশু

নয়াদিল্লীর লোকসভার আসনের জন্য মনোনয়নপত্র পেশ

বিশ্বের ত্রাণকর্ত্তা প্রভু যীশু এই নামে এক ব্যক্তি নয়াদিল্লীর লোকসভার আসনের জন্য নির্ব্বাচনী অফিসে মনোনয়নপত্র প্রেরণ করেন। কাল কোট ও ট্রাউজার পরিহিত এক খর্ব কৃষ্ণকায় ব্যক্তি নির্বাচনী অফিসে উপস্থিত হইয়া 'প্রভু যীশু' বলিয়া নিজের পরিচয় দেন এবং ডাকযোগে প্রেরিত তাঁহার মনোনয়নপত্র সম্পর্কে অনুসন্ধান করেন। নির্বাচনী অফিসাররা বলেন একটি মনোনয়নপত্র পাইয়াছেন। তাঁহারা আরও বলেন ফি প্রদত্ত না হওয়ায় মনোনয়নপত্র পরীক্ষার দিন উহা বাতিল হইয়া যাইবে।

## হরিজন ও দরিদ্রনারায়ণ ভোজন

গত ২২শে মাঘ মঙ্গলবার জঙ্গিপুর পৌরসভার কর্ম্মীবৃন্দ সরস্বতী পূজা উপলক্ষে পৌর-প্রতিষ্ঠানের হরিজন কর্ম্মিগণকে তাহাদের পরিবারবর্গসহ পরিতৃপ্ত সহকারে ভোজন করাইয়াছেন।

রঘুনাথগঞ্জ বন্ধু-সমিতি ও দরবেশপাড়া তরুণ-সঙ্ঘের সভ্যবৃন্দ নিজেদের পূজা প্রতিষ্ঠানে দরিদ্র-নারায়ণ ভোজন করাইয়াছেন।

## প্রজাতন্ত্র দিবসে উপাধি বিতরণ

প্রজাতন্ত্র দিবস উপলক্ষে নিম্নলিখিত ব্যক্তিগণ রাষ্ট্রপতির নিকট হইতে তাঁহাদের নামের উপরে লিখিত উপাধি লাভ করিয়াছেন—

ভারতরত্ন—শ্রীগোবিন্দবল্লভ পন্থ।

পদ্মবিভূষণ—শ্রীশ্রীপ্রকাশ, ভারতের এটর্ণি জেনারেল শ্রী এম, সি, শীতলবাদ, শ্রী জি, ডি, বিড়লা।

পদ্মভূষণ—নয়াদিল্লীর জামিয়া মিলিয়া ইসলামিয়ার অধ্যাপক ডাঃ আবিদ হোসেন, বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডাঃ বি, এল, আত্রেয়, নৃত্যশিল্পী শ্রীমতী টি, বালসরস্বতী, মাদ্রাজের আর, এ, চেট্টিয়ার, বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়ের ডাঃ এইচ, পি, দ্বিবেদী, শ্রীমতী লক্ষ্মী এন, মেনন, এম-পি ডাঃ আর, কে, মুখার্জি, এম-পি, ওসদাদ মুস্তাক হোসেন খাঁ, ঐতিহাসিক শ্রীকে, এ, নীলকণ্ঠ শাস্ত্রী, ডাঃ কে, সি, কুট্টি, শ্রীমতী এ, ভি, রাও, পণ্ডিত এস, এন, রত্নঝঙ্কর, বিহার বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলার শ্রী এস, সহায়, ঐতিহাসিক শ্রী জি, এস, সরদেশাই, বৈজ্ঞানিক শ্রী বি, সেন, ডাঃ এস, বর্ম্মা।

পদ্মশ্রী—ভারত সরকারের অর্থনৈতিক উপদেষ্টা শ্রী জে, জে, আঞ্জারিয়া, ভারতীয় অলিম্পিক দলের অধিনায়ক শ্রীবলবীর সিং, শ্রী এ, আর, চেল্লানী, শ্রী এল, এম, চিতল, শ্রী এন, ধর্ম্মরাজন, শ্রী আর, পি, গেহ্‌লোটে, মেজর জেনারেল গুরবক্স সিং, শ্রী টি, এন, জগদিশন, নেফার পলিটিক্যাল অফিসার মেজর আর, খাতিন, শ্রীসুধীররঞ্জন খাস্তগীর, ডাঃ কে, সিং, সঙ্গীতজ্ঞ শ্রী ডি, ভি, নাইডু, শ্রীমতী নলিনীবালা দেবী, বৈজ্ঞানিক শ্রী কে, রামায়া, ডাঃ এস, আর, রঙ্গনাথন, লাওনস্থিত আন্তর্জাতিক তদারকী কমিশনের চেয়ারম্যান শ্রী এস, এন, সেন।

## পরলোকগমন

গত ২০শে মাঘ রবিবার জঙ্গিপুর হাই স্কুলের ভূতপূর্ব্ব শিক্ষক স্বর্গত হরেরাম মুখোপাধ্যায় মহাশয়ের সহধর্ম্মিণী বঙ্কেশ্বরী দেবী তাঁহার পিত্রালয় সাগরদীঘি থানার অন্তর্গত বেলড়িয়া গ্রামে পরলোকগমন করিয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৬৫ বৎসর হইয়াছিল। তিনি চারি পুত্র, পাঁচ কন্যা ও অনেকগুলি নাতি নাতিনী রাখিয়া গিয়াছেন। ভগবান তাঁহার পরলোকগত আত্মার চিরশান্তি বিধান করুন ইহাই প্রার্থনা করি।

ভারতীয় সাহিত্যিক সঙ্ঘের অবদান—
লব্ধপ্রতিষ্ঠ ঔপন্যাসিক
শ্রীসুধাংশুকুমার রায় চৌধুরীর
**সুবর্ণরেখা ৩৲**

সর্ব্বভারতীয় পটভূমিকায় রচিত এই উপন্যাসখানি ইতিমধ্যেই সাহিত্য জগতে আলোড়নের সৃষ্টি করিয়াছে। ভাব, ভাষা, রচনাশৈলী অনবদ্য। একটানা না পড়িয়া শেষ করা যায় না। সচিত্র উচ্চ প্রশংসিত। প্রাপ্তিস্থান :—সরমা প্রকাশনী
২৯, গ্রে ষ্ট্রীট, কলিকাতা—৫

## বাড়ী বিক্রয়

জঙ্গিপুর মহাবীরতলার নিকটে একখানি ইলেক্‌ট্রিক আলো সহ দশটি ঘর বিশিষ্ট প্রায় ৮ কাঠা জায়গায় পাকা দোতলা বাড়ী বিক্রয় হইবে। নিম্নলিখিত ঠিকানায় অনুসন্ধান করুন।

দুঃখভঞ্জন সান্যাল, জঙ্গিপুর।

**সুলভে বই বাঁধাইতে হইলে**
*পণ্ডিত-প্রেসে অনুসন্ধান করুন।*



"সুখের পানে চাহিনু অনিমেষে
বাজিল বুকে সুখের মতো ব্যথা।
মেঘের মতো গুচ্ছ কেশরাশি
শিথান ঢাকি পড়েছে ভারে ভারে"

সকল সময়ে, সব ঋতুতে
জবাকুসুম আপনার কেশ-সৌন্দর্য
বৃদ্ধি করতে নিশ্চয়ই সাহায্য
করবে।

# জবাকুসুম

কেশ তৈল

**সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ**

জবাকুসুম হাউস, ৩৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা-১২

১১৭, আর্মেনিআন ষ্ট্রীট, মাদ্রাজ-১

CMJ.3BE.58



## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১৬

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ--




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্
এখানে নূতন কিনিতে পাইবেন।
এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ,
টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে
মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত